## মঞ্জুরি নং-৩৯

# ১৪১ - বস্ত্র ও পাট মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ২৪৫,৩৮,০০ | ২৫৭,৬৫,০০ | ২৭০,৫৩,০০ |
| উন্নয়ন ব্যয় | ২৬৬,৬০,০০ | ২৭৯,৯৩,০০ | ২৯৩,৯৩,০০ |
| **মোট** | **৫১১,৯৮,০০** | **৫৩৭,৫৮,০০** | **৫৬৪,৪৬,০০** |
| | | | |
| আবর্তক | ২৫২,২৮,৮৯ | ২৬৫,২২,০৩ | ২৬৬,৯০,২৫ |
| মূলধন | ২৫৯,৬৯,১১ | ২৭২,৩৫,৯৭ | ২৯৭,৫৫,৭৫ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **৫১১,৯৮,০০** | **৫৩৭,৫৮,০০** | **৫৬৪,৪৬,০০** |

### ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

বস্ত্র ও পাটখাতের উৎপাদনশীলতা ও বিপণন বৃদ্ধি এবং স্টেকহোল্ডারদের মধ্যে অংশীদারিত্ব সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ বস্ত্র ও পাটখাতের উন্নয়ন ও সম্প্রসারণে নীতি প্রণয়ন এবং পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও মূল্যায়ন;

১.২.২ বস্ত্র ও পাটপণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজারজাতকরণ বিষয়ক কার্যক্রম গ্রহণ ও সমন্বয় সাধন;

১.২.৩ বস্ত্র ও পাটশিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে বেসরকারি খাতকে সহায়তা প্রদান;

১.২.৪ উন্নত ও মানসম্পন্ন বস্ত্র ও পাটপণ্যের উৎপাদন নিশ্চিত করার নিমিত্ত উপযুক্ত সহায়তা এবং সহযোগিতা প্রদান;

১.২.৫ দেশীয় ও আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী বহুমুখী বস্ত্র ও পাটপণ্য উদ্ভাবন, উৎপাদন ও উন্নয়নে গবেষণা পরিচালনা;

১.২.৬ বস্ত্র ও পাটশিল্পে বিদেশী বিনিয়োগ, বস্ত্রশিল্পে বিদেশীদের নিয়োগ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সংক্রান্ত বিষয়াদি;

১.২.৭ বস্ত্র ও পাটখাতে দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল তৈরীর লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং

১.২.৮ রাষ্ট্রীয় মালিকানাধীন বস্ত্র ও পাটকলসমূহের জমি ও অবকাঠামোর উৎপাদনশীল সদ্ব্যবহার নিশ্চিতকরণ।

### ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. বস্ত্র ও পাটশিল্পের সম্প্রসারণ এবং বিনিয়োগে সহযোগিতা ও উৎসাহ প্রদান; | • পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রাপ্তি/নবায়ন আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমা অনুযায়ী নিষ্পত্তি | • পাট অধিদপ্তর |
| | • পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান | • পাট অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমার মধ্যে নিষ্পত্তি | • বস্ত্র অধিদপ্তর |
| | • বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | • বাংলাদেশ তাঁত বোর্ড |
| | • বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | • বস্ত্র অধিদপ্তর |
| | • তাঁতিদের মাঝে ঋণ বিতরণ | • বাংলাদেশ তাঁত বোর্ড |
| | • পাট চাষীদের মাঝে উন্নত মানের বীজ সরবরাহ কার্যক্রম | • পাট অধিদপ্তর |
| | • রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান | • বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| | • পাটখাত সংশ্লিষ্টদের উৎসাহ/স্বীকৃতি প্রদান | • পাট অধিদপ্তর |
| ২. বস্ত্র ও পাটখাতে প্রযুক্তি শিক্ষার উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি, উদ্যোক্তাদের উৎসাহিত; | • প্রশিক্ষণ ও প্রযুক্তিনির্ভর শিক্ষা চালুকরণ | • বস্ত্র অধিদপ্তর |
| | • রেশমখাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | • বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| | • রোগ মুক্ত রেশম ডিম বিতরণ | • বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| | • তুঁত চারা বিতরণ | • বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| | • রেশম ডিম ও তুঁত চারা বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ | • বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড |
| | • তাঁতখাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | • বাংলাদেশ তাঁত বোর্ড |
| | • পাট চাষ বৃদ্ধির লক্ষ্যে চাষি প্রশিক্ষণ প্রদান | • পাট অধিদপ্তর |
| | • পাট ও বস্ত্র খাতের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | • সচিবালয় |
| | • মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব (Learning session) আয়োজন | • সচিবালয় |
| ৩. বস্ত্র ও পাটপণ্যের বহুমুখীকরণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ; | • পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়ন | • পাট অধিদপ্তর |
| | • National Jute Information System (NJIS) চালুকরণ | • পাট অধিদপ্তর |
| | • তাঁতে উৎপাদিত পণের বাজার সম্প্রসারণে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে তাঁত পণ্যের প্রচার ও বাজারজাতকরণে সহায়তা | • বাংলাদেশ তাঁত বোর্ড |
| | • বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় সরকারি পাটকল আধুনিকায়নের মাধ্যমে উৎপাদন কার্যক্রম চালু করা | • বিজেএমসি |
| | • অনলাইন মার্কেট প্ল্যাটফর্ম তৈরি | • জেডিপিসি |
| ৪. বস্ত্র ও পাটখাতের টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রযুক্তির ব্যবহার এবং | • পাট ও পাটজাত পণ্যের সম্প্রসারণের লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | • পাট অধিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| গবেষণা ও উদ্ভাবন জোরদারকরণ; | • পাট পণ্যের ব্যবহার বৃদ্ধির নিমিত্ত পাট ও পাট সংশ্লিষ্ট ব্যবসায়ী ও স্টেকহোল্ডারদের নিয়ে -জনসচেতনতামূলক সভা আয়োজন | • পাট অধিদপ্তর |
| | • পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | • সচিবালয় |

## ৩.০ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ুর উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ বস্ত্র ও পাটশিল্পের সম্প্রসারণ এবং বিনিয়োগে সহযোগিতা ও উৎসাহ প্রদান

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** রেশম চাষীদের মাঝে রোগ মুক্ত রেশম ডিম ও তুঁত গাছের চারা বিতরণ এবং পলুঘর প্রদানের মাধ্যমে রেশম চাষে নতুন ব্যবসার ক্ষেত্র সৃষ্টি হয়েছে। ক্ষুদ্র ঋণ বিতরণ ও উন্নতমানের পাটবীজ সরবরাহের দ্বারা গ্রামীণ দারিদ্র্য মোকাবেলাসহ অধিক সংখ্যক জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার মাধ্যমে দারিদ্র্য নিরসনে ভূমিকা পালন সম্ভব হবে। নতুন নতুন বহুমুখী পাট ও তাঁতপণ্য উদ্ভাবনের মাধ্যমে গ্রামীণ এবং প্রান্তিক দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও ব্যবসায়ের পথ সুগম হয়েছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারী উদ্যোক্তাদের মাঝে পলুঘর প্রদানসহ রোগমুক্ত রেশম কীট ও তুঁত গাছের চারা বিতরণের মাধ্যমে রেশম চাষে নারীর ব্যবসার ক্ষেত্র তৈরি হয়েছে। নারী উদ্যোক্তাদের মাঝে ক্ষুদ্র ঋণ বিতরণের মাধ্যমে দারিদ্র্য মোকাবেলা করে ব্যাপক সংখ্যক নারী জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সম্ভব হবে। নতুন নতুন বহুমুখী পাট ও তাঁতপণ্য প্রচলনের মাধ্যমে নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** পরিবেশের জন্য ক্ষতিকারক পলিথিনের বিকল্প পাটের ব্যাগ উৎপাদন ও বিপননে বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ ব্যাগ পচনশীল ও পরিবেশবান্ধব বিধায় পরিবেশ ও প্রতিবেশ সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বস্ত্র শিল্প কারখানায় ইটিপি স্থাপন নিশ্চিত করা হচ্ছে। ফলে জলাধারসহ পরিবেশ দূষণমুক্ত থাকবে। পাটকাঠি হতে চারকোল উৎপাদনের মাধ্যমে পাটের বহুমুখী ব্যবহারের নতুন সম্ভাবনা তৈরি হয়েছে, যা জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত প্রশমনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। এটি অত্যন্ত কম মাত্রার কার্বন নিঃসরণ করায় তা অত্যন্ত পরিবেশ-বান্ধব।

#### ৩.১.২ বস্ত্র ও পাটখাতে কারিগরি শিক্ষার উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা, কর্মজীবী ও অন্যান্যদের দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। উদ্যোক্তা, কর্মজীবী ও অন্যান্যদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে। এ সকল কার্যক্রম দারিদ্র্য নিরসনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারী উদ্যোক্তাগণ প্রশিক্ষণপ্রাপ্ত হয়ে আর্থিক সক্ষমতা অর্জন করবেন। ফলে সমাজে তাদের সামগ্রিক অবস্থার উন্নয়ন হবে। এসকল নারীদের অনুসরণ করে অন্য নারীরাও ক্ষমতায়নের পথে অগ্রসর হবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর সরাসরি কোন প্রভাব নেই।

#### ৩.১.৩ বস্ত্র ও পাটপণ্যের বহুমুখীকরণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বস্ত্র ও পাটপণ্যের বহুমুখীকরণ ও অভ্যন্তরীণ বাজার সম্প্রসারনের ফলে প্রান্তিক তাঁতী, রেশমচাষী, ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যাবসা সম্প্রসারণ ত্বরান্বিত হবে এবং দারিদ্র্য নিরসনের পথ সুগম হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বস্ত্র ও পাট খাতে ব্যবসা সম্প্রসারণ ও দ্রুত প্রবৃদ্ধি ত্বরান্বিত হবে এবং নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর সরাসরি কোন প্রভাব নেই।

### ৩.১.৪ বস্ত্র ও পাটখাতের টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রযুক্তির ব্যবহার এবং গবেষণা ও উদ্ভাবন জোরদারকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** গবেষণার মাধ্যমে নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবনের ফলে বস্ত্র ও পাট খাতে ব্যবসা সম্প্রসারণ ও দ্রুত প্রবৃদ্ধি ত্বরান্বিত হবে এবং দারিদ্র্য নিরসনের পথ সুগম হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগের ফলে বস্ত্র ও পাট খাতে ব্যবসা সম্প্রসারণ ও দ্রুত প্রবৃদ্ধি ত্বরান্বিত হবে এবং নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** দেশীয় প্রযুক্তি দিয়ে তৈরি পরিবেশ-বান্ধব সোনালী ব্যাগ উৎপাদন পরিবেশের স্থিতিশীলতা, উৎকর্ষতা বৃদ্ধিসহ সর্বোপরি দেশের জলবায়ু ভারসাম্য রক্ষায় ভূমিকা রাখবে।

## ৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৩৩২,৭৩,৬৮ | ৪৪৪,৯৮,৫২ | ৪৪৪,৯৮,৫২ |
| নারী উন্নয়ন | ১৪২,৮৬,৬৭ | ১২৮,৬৩,২৩ | ১২৮,৬৩,২৩ |
| জলবায়ু পরিবর্তন | | | |

## ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. বস্ত্র, রেশম, তাঁত ও পাটজাত পণ্যের বাজার সম্প্রসারণ ও বিপণন:**<br>বাংলাদেশের ‘সোনালী আঁশ’ হিসেবে পরিচিত পাটের ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য পাট ও পাটজাত পণ্যের স্থানীয় ও বৈদেশিক বাজার সম্প্রসারণ ও বিপণন অত্যাবশ্যক। দেশের অর্থনৈতিক উন্নয়নে বস্ত্রখাত উল্লেখযোগ্য অবদান রাখছে। এটি বাংলাদেশের বৃহত্তর শ্রমঘন সেক্টর। প্রান্তিক দরিদ্র জনগোষ্ঠী ঐতিহ্যবাহী রেশম শিল্পের সাথে জড়িত। বস্ত্র ও পাট খাতের মাধ্যমে দেশের প্রায় ৮৭.৪৯% বৈদেশিক মুদ্রা অর্জিত হয়। এ সকল বিবেচনায় এ কার্যক্রমকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। | • বস্ত্র ও পাট শিল্পের সম্প্রসারণ এবং বিনিয়োগে সহযোগিতা ও উৎসাহ প্রদান<br>• বস্ত্র ও পাট পণ্যের বহুমুখীকরণ, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ |
| **২. শিক্ষা ও প্রশিক্ষণ:**<br>কারিগরি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট, টেক্সটাইল ডিপ্লোমা ইন্সটিটিউট, বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ বস্ত্র খাতে দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাঁতখাতে দক্ষ জনবল তৈরিতে বিএসসি ইন-টেক্সটাইল ডিপ্লোমা ডিগ্রি প্রদান করা হচ্ছে। রেশম খাতে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে রেশম বোর্ডের মাধ্যমে রেশম চাষীকে এবং পাটখাতে পাট চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। দক্ষতা উন্নয়নের মাধ্যমে রেশম, বস্ত্র, পাট ও পাটজাত পণ্যের উৎপাদন ও গুণগত মান বৃদ্ধি করে প্রতিযোগিতামূলক বাজারে বিদ্যমান অবস্থান সংহত করা ও বাজার সম্প্রসারণ সম্ভব হবে। সে কারণে, এ ব্যয় খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • বস্ত্র ও পাট খাতে কারিগরি শিক্ষার উন্নয়ন, দক্ষতা বৃদ্ধি |
| **৩. প্রযুক্তিগত ও উদ্ভাবনমূলক গবেষণা:**<br>তাঁত খাতে ‘বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা ও কাপড় তৈরির প্রযুক্তি পুনরুদ্ধার’ প্রকল্পের আওতায় নিবিড় গবেষণার মাধ্যমে ঢাকাই মসলিন কাপড় তৈরির কাঁচামাল ফুটি কার্পাস পুনরুদ্ধার করা সম্ভব হয়েছে এবং বাংলাদেশের সোনালী ঐতিহ্য ও বিখ্যাত ব্রান্ড মসলিনের সুতা তৈরির প্রযুক্তি ও ঢাকাই মসলিন কাপড় পুনরুদ্ধার করে হৃত গৌরব ফিরিয়ে আনা সম্ভব হয়েছে। সফলভাবে মসলিনের সুতা ও কাপড় তৈরির প্রযুক্তি এবং ঢাকাই মসলিন কাপড় পুনরুদ্ধার হওয়ায় প্রাতিষ্ঠানিক ক্যাটাগরিতে | • বস্ত্র ও পাট খাতের টেকসই উন্নয়ন নিশ্চিতে প্রযুক্তির ব্যবহার এবং গবেষণা ও উদ্ভাবন জোরদারকরণ; |

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্পকে জনপ্রশাসন পদক-২০২১ প্রদান করা হয়েছে। উচ্চফলনশীল তুঁত ও রেশমকীটের জাতসংরক্ষণ ও উন্নয়ন করার মাধ্যমে রেশম শিল্পের সার্বিক উন্নয়ন করা সম্ভব। রেশমখাত ও মসলিন শিল্প উন্নয়নে গবেষণার প্রয়োজনীয়তা রয়েছে। সে কারণে, রেশমখাত ও মসলিন শিল্প-কে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| সচিবালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ১৫৩,৪৩,৮০ | ১৫৭,০১,২৬ | ১৮২,৭৫,৭৫ | ২২২,৮৯,০০ | ২৮৭,৩৩,১৭ |
| প্রধান কার্যালয়, বস্ত্র অধিদপ্তর | ১৭০,২৫,৬০ | ১৫৫,২৪,০৯ | ২০৩,৩৩,০৬ | ১৮২,৯৬,৬২ | ১৩৮,৯৩,৭৩ |
| টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ | ৩৭,৮৪,২৫ | ৩৭,৫৪,২৫ | ৩৮,১৬,৮৪ | ৪০,৯৭,১৩ | ৪৩,৮৮,১৬ |
| টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ | ২৭,৪১,৮৫ | ২৭,২২,৩৫ | ২৮,১০,৬৪ | ২৮,৮০,৭১ | ২৯,৭০,৩১ |
| টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহ | ৩১,২২,৭০ | ৩১,১৬,২০ | ৩২,৮৫,৯৭ | ৩৩,৮৭,৯৩ | ৩৫,২২,১৭ |
| উপ পরিচালকের কার্যালয়সমূহ, বস্ত্র অধিদপ্তর | ২,৮৮,৯০ | ২,৮৮,৯০ | ৩,০৮,৩৮ | ৩,২০,৮৮ | ৩,৩৪,৩৮ |
| সহকারী পরিচালকের কার্যালয়সমূহ, বস্ত্র অধিদপ্তর | ১,৬৬,৪০ | ১,৬৬,৪০ | ১,৬৭,৩৬ | ১,৮৫,৭৩ | ১,৮৯,০৮ |
| প্রধান কার্যালয়, পাট অধিদপ্তর | ৪৫,৯৪,০০ | ৫৯,৩২,৫০ | ১৫,২৪,২৫ | ১৬,০৪,৪৫ | ১৬,৮৪,৪৫ |
| সহকারী পরিচালকের কার্যালয়সমূহ, পাট অধিদপ্তর | ২,৫৫,০০ | ২,৫৫,০০ | ২,২২,১৫ | ২,১০,০০ | ২,১৮,০০ |
| মুখ্য পরিদর্শকের কার্যলয়সমূহ, পাট অধিদপ্তর | ৫,০০,৫০ | ৪,৫২,৮০ | ৩,৪০,৮০ | ৩,৬৭,৮৫ | ৩,৮৫,৬০ |
| পাটপণ্য পরীক্ষাগারসমূহ, পাট অধিদপ্তর | ১,৭৭,০০ | ১,৩১,৭০ | ১,১২,৮০ | ১,১৭,৭০ | ১,২৬,৯৫ |
| **সর্বমোট :** | **৪৮০,০০,০০** | **৪৮০,৪৫,৪৫** | **৫১১,৯৮,০০** | **৫৩৭,৫৮,০০** | **৫৬৪,৪৬,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ৯৯,১৫,৩৯ | ৯৮,৭২,৮৪ | ১০২,১৪,৯৭ | ১০৪,৪৯,৩৩ | ১০৯,৭২,৩২ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৫৪,৩০,৮০ | ৬০,৪২,৮৯ | ৩৭,৪২,২৫ | ৪২,৭৪,৪৩ | ৪২,৪৩,১৪ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ১,৮০,৪০ | ২,৬৩,৩৯ | ৭,৮৪,৫৫ | ১,৩৫,৫৭ | ৬২,৯২ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৪,৮১,০০ | ৭,২৭,৮৮ | ৩,৬৫,৮৮ | ৪,০১,০০ | ৪,৩০,৫০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ১,৪০,০২ | ১,০২,৬০ | ৮৯,৯৫ | ৯৪,৫০ | ১,০৪,৫০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৬,২৬,০৩ | ৫,৩৩,৯৪ | ৩,৬২,২৪ | ৪,০০,৭৯ | ৪,৭৪,৭৭ |
| ৩২৫১ | কৃষিজ সরবরাহ | ১০,৩০,৭৯ | ২০,৫৪,৫০ | ০ | ০ | ০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ১৫,০০ | ১৫,০০ | ১২,৫৫ | ১৬,৮০ | ১৬,৮০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ১,৭৭,৪৫ | ১,৭৪,০৯ | ১,৬৮,৫৬ | ১,৬০,০৯ | ১,৮৯,৮৩ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৩,০৬,০০ | ৩,০২,৬৭ | ২,৪৪,৬৫ | ২,৫৮,০২ | ২,৯৬,৮০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৮,৬২,৪৩ | ৭,৫৭,১৮ | ৫,১৪,৫০ | ৭,৫৮,৬৮ | ৭,৮০,৮৯ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৭,০২,৫৬ | ৫,৯৩,১২ | ৫,৯৫,০৪ | ৭,১৬,০৯ | ৭,৭৬,৭৯ |
| ৩৫১১ | অআর্থিক সরকারি কর্পোরেশনকে দেয় ভরতুকি | ৩৩,০৮ | ৩,৭০ | ০ | ০ | ০ |

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ৩৬৩১ | আবর্তক অনুদান | ৫৭,০২,৭০ | ৫৫,৮৯,৯৫ | ৬৯,৪১,০০ | ৭২,৬১,৫০ | ৭৫,৮৭,০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | ৮৭,৩০ | ১,০৫,০০ | ১,১২,০০ | ১,৪০,৫০ | ১,৬৫,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৪,৬১,২৫ | ৪,২৫,৭৬ | ৪,১২,০০ | ৪,৪১,৯৩ | ৪,৬৭,১৯ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ১৬,১২,০০ | ১৭,২৩,০১ | ৫,৮১,৭৫ | ৮,৯০,০০ | ০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৪,৮৯,৮০ | ০ | ৮৭,০০ | ১,২২,৮০ | ১,২১,৮০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২৮২,৫৪,০০** | **২৯২,৮৭,৫২** | **২৫২,২৮,৮৯** | **২৬৫,২২,০৩** | ২৬৬,৯০,২৫ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ২৫,১৯,৫০ | ১০৪,১২,২৭ | ৮৭,৪৬,১১ | ১৫৩,৮৮,৬৯ | ১১৯,২২,৫১ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১২২,৪৫,৪৭ | ২৯,৭৮,২৬ | ১০০,৩০,০০ | ১৪,৯০,২৮ | ৬,৯৬,০৭ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ৬,৫০ | ১৭,০০ | ২,০০ | ৩,০০ | ২,০০ |
| ৪১৪১ | ভূমি | ৩,১৬,৫৩ | ৩,৫৫,৪০ | ০ | ০ | ০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ৩৯,৮৩,০০ | ৪৩,৫১,০০ | ৪১,৯২,০০ | ৭৩,৯১,৫০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৩,৬৯,০০ | ০ | ২৯,৯৯,০০ | ২৯,৬২,৫০ | ১৭১,৩৫,১৭ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **১৯৪,৪০,০০** | **১৮১,১৩,৯৩** | **২৫৯,৬৯,১১** | **২৭২,৩৫,৯৭** | ২৯৭,৫৫,৭৫ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ৩,০৬,০০ | ৬,৪৪,০০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **৩,০৬,০০** | **৬,৪৪,০০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **৪৮০,০০,০০** | **৪৮০,৪৫,৪৫** | **৫১১,৯৮,০০** | **৫৩৭,৫৮,০০** | ৫৬৪,৪৬,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. পাটের বস্তার অভ্যন্তরীণ ব্যবহার | ৩ | সংখ্যা | ৩৫,৭৭.৭৫ লক্ষ | ৩২,৮৬.৮২ লক্ষ | ৩৫,৫০.০০ লক্ষ | ৩৫,৫০.০০ লক্ষ | ৩৫,৭৫.০০ লক্ষ | ৩০,০০.০০ লক্ষ | ৩০,২৫.০০ লক্ষ |
| ২. পণ্যে পাটজাত মোড়কের ব্যবহারের লক্ষ্যে পরিচালিত মোবাইল কোর্ট | ৩ | সংখ্যা | ১১৫০ | ১১১০ | ০ | ৬২২ (জানুয়ারি ২০২৬ পর্যন্ত) | ৮০০ | ৮৫০ | ৯০০ |
| ৩. জাতীয় রপ্তানিতে তাঁত খাতের অংশ | ১ | শতকরা হার | ২.৬৫ | ২.৬০ | ২.৭০ | ২.৬৫ | ২.৭৫ | ২.৮০ | ২.৮৫ |
| ৪. রেশম সুতা উৎপাদন (সরকারি পর্যায়ে) | ১ | মে.টন | ০.৫০০ | ০.৮৮০ | ১.০০০ | ১.০০০ | ১.০২৫ | ১.০৫০ | ১.১০০ |
| ৫. রেশম বস্ত্র উৎপাদন (সরকারি পর্যায়ে) | ১ | মিটার | ৫০০০ | ৭১৯০ | ৬০০০ | ৬০০০ | ৬১০০ | ৬২০০ | ৬৩০০ |
| ৬. দক্ষ মানব সম্পদ সৃষ্টি (চাষি প্রশিক্ষণ) | ২ | সংখ্যা | ১১৪৫ | ১১৪৫ | ১০২৪ | ১০২৪ | - | - | - |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** বিজেএমসি'র মিলসমূহের শ্রমিকদের পাওনা পরিশোধের জন্য বরাদ্দকৃত ৩৫২১.৮৮ কোটি টাকা হতে পাওনার নগদ অংশ বাবদ ৯৯.৮৮% এবং সঞ্চয়পত্রের অংশ বাবদ ৯৯.৫১% অর্থ পরিশোধ করা হয়েছে। সাম্প্রতিক সময়ে ২৪০ জন তাঁতির মাঝে ২২৯.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১৫২০.৫০ লক্ষ টাকা আদায় করা হয়েছে। পাট আইন, ২০১৭ এর অধীন ৪২,৭৪৫টি লাইসেন্স ইস্যু ও নবায়ন করে ১১,৯৩,৪২,৭৫০ টাকা রাজস্ব আয় হয়েছে। এছাড়াও বস্ত্র ও পাট খাতে

৩৫,৭৪৩ জন ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান এবং পাট ও পাটবীজ উৎপাদনের নিমিত্ত ১৮,৪২,৪৮৪ জন পাট চাষীকে বিনামূল্যে সার, বীজ ও কীটনাশক প্রদান করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় পলিথিনের বিকল্প পরিবেশবান্ধব পাটপণ্য ব্যবহারের লক্ষ্যে ২,৮৪,৮৪৬টি পাটের তৈরি বাজারের ব্যাগ বিতরণ করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফলের নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পাট ও বস্ত্র খাতের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং | সম্পাদিত পরিদর্শন | ২ | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৬ | ৮ |
| ২. মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ শিখন পর্ব (Learning session) আয়োজন | অভ্যন্তরীণ শিখন (Learning session) পর্ব আয়োজিত | ২ | সংখ্যা | ৮ | ৮ | ৯ | ১০ | ১০ | ১২ | ১২ |
| ৩. পাটজাত পণ্যের রপ্তানিতে আর্থিক প্রণোদনা অব্যাহত রাখার লক্ষ্যে মতবিনিময় সভা আয়োজন | আয়োজিত মতবিনিময় সভা | ৪ | সংখ্যা | ৩ | ৩ | ৪ | ৩ | ৪ | ৪ | ৪ |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪১০১০১ - সচিবালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয় | | ১৮,১৩,৩৮ | ২৭,৮২,৮০ | ২৭,৮৭,৩০ | ২৯,৪৯,০০ | ৩৩,৮০,০০ | ৩৫,৪৩,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৮,১৩,৩৮** | **২৭,৮২,৮০** | **২৭,৮৭,৩০** | **২৯,৪৯,০০** | **৩৩,৮০,০০** | **৩৫,৪৩,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২৭০০৯৬০১ - ইন্টারন্যাশনাল সেরিকালচার কমিশন (আইএসসি) | - | ০ | ১৩,০০ | ১৩,০০ | ১৩,০০ | ১৩,০০ | ১৩,০০ |
| ১২৭০২০৯০১ - ইন্টারন্যাশনাল কটন এ্যাডভাইজারী কমিটি (আইসিএসি) | - | ০ | ৪,৮৮,০০ | ৪,৮৮,০০ | ৪,৮৮,০০ | ২,৫০,০০ | ২,৯০,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **০** | **৫,০১,০০** | **৫,০১,০০** | **৫,০১,০০** | **২,৬৩,০০** | **৩,০৩,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৮,১৩,৩৮** | **৩২,৮৩,৮০** | **৩২,৮৮,৩০** | **৩৪,৫০,০০** | **৩৬,৪৩,০০** | **৩৮,৪৬,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২১০০০১৪১ - পাট ও বস্ত্র মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | - | ০ | ৩,৬৯,০০ | ০ | ২৯,৯৯,০০ | ২৯,৬২,৫০ | ১৭১,৩৫,১৭ |
| ২২২০২১৫০০ - রেশম কারখানার আধুনিকায়ন এবং ক্লাস্টার-ভিত্তিক উদ্যোক্তা তৈরি সম্ভাব্যতা সমীক্ষা (০১/০৩/২০২৬ - ৩০/০৯/২০২৬) | ২,৩ | ০ | ০ | ০ | ৭২,৭৫ | ০ | ০ |
| ২২৪৪০০৯০০ - বাংলাদেশ তাঁত বোর্ড কমপ্লেক্স স্থাপন, মিরপুর, ঢাকা (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১-৭ | ০ | ১৫,৯১,০০ | ১৪,৬০,০০ | ৩৫,০০,০০ | ৫৩,২৮,৫২ | ০ |
| ২২৪৪০৩৮০০ - বাংলাদেশের সোনালি ঐতিহ্য মসলিনের সুতা তৈরির প্রযুক্তি ও মসলিন কাপড় পুনরুদ্ধার (২য় পর্যায়) (০১/০৭/২০২৪-৩০/০৬/২০২৭) | ১-৪ | ০ | ৫,২০,০০ | ৪,৪০,০০ | ৪,০০,০০ | ৮,৮৩,৩১ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **০** | **২৪,৮০,০০** | **১৯,০০,০০** | **৬৯,৭১,৭৫** | **৯১,৭৪,৩৩** | **১৭১,৩৫,১৭** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **০** | **২৪,৮০,০০** | **১৯,০০,০০** | **৬৯,৭১,৭৫** | **৯১,৭৪,৩৩** | **১৭১,৩৫,১৭** |
| মোট : | | **১৮,১৩,৩৮** | **৫৭,৬৩,৮০** | **৫১,৮৮,৩০** | **১০৪,২১,৭৫** | **১২৮,১৭,৩৩** | **২০৯,৮১,১৭** |

## ৬.২ বস্ত্র অধিদপ্তর

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** বস্ত্র অধিদপ্তরে সম্প্রতি ৪১ (একচল্লিশ)টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট হতে ৩২৮৯ জন (পাশের হার ৭৫.৪৫%), ১৫ (পনের)টি টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউট থেকে ৭১৯ জন (পাশের হার ৯৬.৩৮%) এবং ১১ (এগার)টি বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ হতে ৭৪৯ জন (পাশের হার ৯৪.১৫%) ছাত্র-ছাত্রী পাশ করেছে। কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৩৮৪৪ জন ইনহাউজ, ৯৫ জন আরপিএটিসি, এনএপিডিসহ অন্যান্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বস্ত্র অধিদপ্তরে রাজস্ব মূলধন প্রাপ্তির পরিমাণ ২,৪১,৯৫,৮৩০ টাকা।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রশিক্ষণ ও প্রযুক্তিনির্ভর শিক্ষা চালুকরণ | বিএসসি-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স | ৩ | % | ৯০.০০ | ৯৪.৬৩ | ৯০.০০ | ৯০.০০ | ৯০.১০ | ৯০.২০ | ৯০.৩০ |
| | ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স | ৩ | % | ৯০.০০ | ৯৮.৫১ | ৯০.০০ | ৯০.০০ | ৯০.১০ | ৯০.২০ | ৯০.৩০ |
| | এস.এস.সি-ইন-টেক্সটাইল ভোকেশনাল কোর্স | ৩ | % | ৮০.০০ | ৮১.৩৪ | ৮০.০০ | ৮০.০০ | ৮০.১০ | ৮০.২০ | ৮০.০ |
| ২. পোষক কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমার মধ্যে নিষ্পত্তি | নিষ্পত্তিকৃত আবেদন | ২ | % | ৯৩.০০ | ৯৮.৪৯ | ৯৩.০০ | ৯৩.০০ | ৯৩.৫০ | ৯৩.৫০ | ৯৩.৫০ |
| ৩. বস্ত্র শিল্প কারখানা (বায়িং হাউজ ও ইটিপিসহ) এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন | পরিদর্শনকৃত বস্ত্র শিল্প কারখানা/ প্রতিষ্ঠান | ২ | সংখ্যা | ৯২০ | ১০১১ | ৯২০ | ৯২০ | ৯২৫ | ৯২৫ | ৯২৫ |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪১০২০১ - প্রধান কার্যালয়, বস্ত্র অধিদপ্তর | ১-৩ | ১৩,২৩,২২ | ১৫,২৫,৬০ | ১৪,২১,০৯ | ১৪,৪৫,৮১ | ১৫,৪৭,৬২ | ১৬,৩৫,৯০ |
| ১৪১০২০২ - টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ | ৩ | ২৮,৭৯,১২ | ৩৭,৮৪,২৫ | ৩৭,৫৪,২৫ | ৩৮,১৬,৮৪ | ৪০,৯৭,১৩ | ৪৩,৮৮,১৬ |
| ১৪১০২০৩ - টেক্সটাইল ডিপ্লোমা ইনস্টিটিউটসমূহ | ৩ | ১৮,৬৯,৪৯ | ২৭,৪১,৮৫ | ২৭,২২,৩৫ | ২৮,১০,৬৪ | ২৮,৮০,৭১ | ২৯,৭০,৩১ |
| ১৪১০২০৪ - টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটসমূহ | ৩ | ২৬,৭২,৪৬ | ৩১,২২,৭০ | ৩১,১৬,২০ | ৩২,৮৫,৯৭ | ৩৩,৮৭,৯৩ | ৩৫,২২,১৭ |
| ১৪১০২০৫ - উপ পরিচালকের কার্যালয়সমূহ, বস্ত্র অধিদপ্তর | ১-২ | ২,৪৬,৯১ | ২,৮৮,৯০ | ২,৮৮,৯০ | ৩,০৮,৩৮ | ৩,২০,৮৮ | ৩,৩৪,৩৮ |
| ১৪১০২০৬ - সহকারী পরিচালকের কার্যালয়সমূহ, বস্ত্র অধিদপ্তর | ১-২ | ১,৩৩,৫৫ | ১,৬৬,৪০ | ১,৬৬,৪০ | ১,৬৭,৩৬ | ১,৮৫,৭৩ | ১,৮৯,০৮ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **৯১,২৪,৭৫** | **১১৬,২৯,৭০** | **১১৪,৬৯,১৯** | **১১৮,৩৫,০০** | **১২৪,২০,০০** | **১৩০,৪০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **৯১,২৪,৭৫** | **১১৬,২৯,৭০** | **১১৪,৬৯,১৯** | **১১৮,৩৫,০০** | **১২৪,২০,০০** | **১৩০,৪০,০০** |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪১১৫৫০০ - * সিলেট টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন (২য় সংশোধিত) (০১/০৭/২০১৭ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৩ | ৫,৬৮,৬৩ | ৩০,২৮,০০ | ১২,৪৯,০০ | ২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪১১৫৬০০ - * সিলেট টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট স্থাপন (২য় সংশোধিত) (০১/০১/২০১৭ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৩ | ৩,১৭,৯৫ | ৩১,৮৬,০০ | ১৯,৫৯,০০ | ২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪১৪৭৯০০ - লালমনিরহাট টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন (২য় সংশোধিত) (০১/০১/২০১৮ - ৩১/১২/২০২৬) অনুমোদিত। | ৩ | ১০,৪৭,৯৯ | ৩০,১৬,০০ | ৯,৬২,০০ | ২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪২৩৫৮০০ - মাদারীপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শিবচর, মাদারীপুর স্থাপন (২য় সংশোধিত) (০১/০৪/২০১৮ - ৩১/১২/২০২৬) অনুমোদিত | ৩ | ১৫,৩৬,৩৫ | ৩২,৩৭,০০ | ১২,৭৫,০০ | ২০,০০,০০ | ০ | ০ |
| ২২৪২৮৪২০০ - বিদ্যমান ৭টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের উন্নয়ন ও ৬টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন (২য় সংশোধিত) (০১/০১/২০১৯- ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৩ | ১৭,৪১,৮১ | ১৭,০০,০০ | ৬০,২১,০০ | ৬২,০০,০০ | ১০০,৮২,১৪ | ৩৬,৯১,৫২ |
| ২২৪৩৫০৮০০ - টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, পিরোজপুর স্থাপন (২য় সংশোধিত) (০১/০৭/২০২১ - ৩০/০৬/২০২৮) অনুমোদিত | ৩ | ১,৭০,৯৩ | ১,০০,০০ | ৩৯,০০ | ৬,০০,০০ | ১০,০৭,৭২ | ১০,৯৪,৩১ |
| ২২৪৩৫৪৬০০ - * বরিশাল টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, গৌরনদী, বরিশাল স্থাপন (০১/০৭/২০২২- ৩০/০৬/২০২৫) অনুমোদিত | ৩ | ১৪,৩৫ | ১,২৩,০০ | ৪,২৮,০০ | ১২,০০,০০ | ৫,৭৩,৮৯ | ৮,৭২,০০ |
| ২২৪৩৬১০০০ - * আকলিমা খাতুন টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, খুলনা স্থাপন (১ম সংশোধিত)(০১/০৭/২০২২-৩০/০৬/২০২৬) অনুমোদিত। | ৩ | ৫,২২,৭৩ | ১,৭০,০০ | ৫,৪২,০০ | ৮,০০,০০ | ১৪,২৮,৯৩ | ০ |
| ২২৪৩৬৪৫০০ - * টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, ভান্ডারিয়া, পিরোজপুর স্থাপন (১ম সংশোধিত) (০১/০৭/২০২২ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৩ | ৩,৩২,৯৮ | ১,৬২,০০ | ৭,৬২,০০ | ৯,৮৭,২৫ | ১৩,৪০,৭৭ | ০ |
| ২২৪৩৮১৩০০ - * রূপগঞ্জ টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, নারায়ণগঞ্জ স্থাপন (০১/০৭/২০২৩ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৩ | ১৫,২৫ | ৭০,০০ | ২০,০০ | ১,০০,০০ | ৮,৩৩,০৮ | ৩০,০০,০০ |
| ২২৪৩৮১৪০০ - * বীর মুক্তিযোদ্ধা নজরুল ইসলাম চৌধুরী টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট স্থাপন (০১/০৭/২০২৩ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৩ | ২৬,০০ | ৩,০৮,০০ | ৪,০৭,০০ | ৫,০০,০০ | ৭,২৬,৩৬ | ১৭,০০,০০ |
| ২২৪৪০১৩০০ - টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, মুলাদী, বরিশাল স্থাপন (০১/০৭/২০২৪ - ৩০/০৬/২০২৭) অনুমোদিত | ৩ | ০ | ১,০০,০০ | ১,৭৬,০০ | ৫,০০,০০ | ৭,৫৬,১১ | ১৯,০০,০০ |
| ২২৪৪০৬৪০০ - * বাংলাদেশের বিভিন্ন জেলায় বিদ্যমান ১৮টি টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউটের স্থায়ী অবকাঠামো নির্মাণের সম্ভাব্যতা যাচাই (০১/০১/২০২৫ - ৩১/১২/২০২৫) অনুমোদিত | ৩ | ০ | ৩,০০,০০ | ২,৬৩,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৬২,৯৪,৯৭** | **১৫৫,০০,০০** | **১৪১,০৩,০০** | **১৮৮,৮৭,২৫** | **১৬৭,৪৯,০০** | **১২২,৫৭,৮৩** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৬২,৯৪,৯৭** | **১৫৫,০০,০০** | **১৪১,০৩,০০** | **১৮৮,৮৭,২৫** | **১৬৭,৪৯,০০** | **১২২,৫৭,৮৩** |
| মোট : | | **১৫৪,১৯,৭২** | **২৭১,২৯,৭০** | **২৫৫,৭২,১৯** | **৩০৭,২২,২৫** | **২৯১,৬৯,০০** | **২৫২,৯৭,৮৩** |

## ৬.৩ পাট অধিদপ্তর

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** সাম্প্রতিককালে পাট অধিদপ্তর কর্তৃক মোট ৩৬৬টি পাটকল পরিদর্শন করে ৩টি পাটপণ্য পরীক্ষাগারে পাটজাত পণ্যের নমুনা পরীক্ষণের মাধ্যমে ১,১৫১টি পরীক্ষণ প্রতিবেদন দাখিল করা হয়েছে। ফলে পাটজাত পণ্যের গুণগত মান উন্নয়ন এবং রপ্তানি আয় বৃদ্ধি পেয়েছে। পাট ও পাটজাত পণ্যের ব্যবসায়ে সহযোগিতা প্রদানের লক্ষ্যে ১৩,৪৬৩ টি লাইসেন্স প্রদান এবং লাইসেন্স ফি বাবদ ৪.০৩ কোটি টাকার রাজস্ব আয় হয়েছে। পাট ও পাটজাত পণ্য রপ্তানি হতে পরির্দশন ফি বাবদ ৩.৯৫ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে। পাট ও পাটজাত পণ্যে অভ্যন্তরীণ ব্যবহার বৃদ্ধি এবং পরিবেশ রক্ষায় “পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০” এর অধীনে প্রণীত বিধিমালার তফসিলে ১৯টি পণ্য মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। আইন অমান্যকারীদের বিরুদ্ধে ১,১১০টি ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ৮৭.২৬ লক্ষ টাকার অর্থ দন্ড প্রদান করা হয়েছে। উক্ত আইন বাস্তবায়নের ফলে পাটজাত পণ্যের ব্যবহারে পুর্নজাগরণের সৃষ্টি হয়েছে। এছাড়াও উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের মাধ্যমে নির্বাচিত চাষিদের মধ্যে

মোট ৫৯১.৫০ মেঃটন ভিত্তি ও প্রত্যায়িত পাটবীজ বিতরণ করা হয়েছে এবং ১৭,০৬৪ জন পাটচাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রাপ্তি নবায়ন/আবেদন সিটিজেন চার্টার এর সময়সীমা অনুযায়ী নিষ্পত্তি | নিষ্পত্তিকৃত আবেদন | ৩ | শতকরা | ৯৭ | ৯৬.১৬ | ৯৭ | ৯৭ | ৯৮ | ৯৯ | ৯৯ |
| ২. পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স প্রদান | পাট ও পাটজাত পণ্যের লাইসেন্স ইস্যু ও নবায়নকৃত লাইসেন্স | ৩ | সংখ্যা | ১৪০০০ | ১৩৪৬৩ | ১৩৫০০ | ১৩৫০০ | ১৪০০০ | ১৪৫০০ | ১৫০০০ |
| ৩. পাট চাষীদের মাঝে উন্নতমানের বীজ সরবরাহ কার্যক্রম | উন্নতমানের বীজ সংগৃহীতবিতরণ / কৃত | ২ | মেঃটন | ৫৯১.৫০ | ৫৯১.৫০ | ৮৬০.৫১ | ৮৬০.৫১ | ২২৮.০০ | ২৩০.০০ | ২৩২.০০ |
| | উন্নতমানের পাট বীজ উৎপাদিত | ২ | মেঃটন | ৬৫০.০০ | ৬২৭.৭৬ | ৭০০.০০ | ৭০০.০০ | ২১০.০০ | ২১২.০০ | ২১৫.০০ |
| ৪. পাট খাত সংশ্লিষ্টদের উৎসাহ/স্বীকৃতি প্রদান | স্বীকৃতি/সম্মাননা প্রদানের নিমিত্ত আয়োজিত অনুষ্ঠান | ১ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| ৫. পাট চাষ বৃদ্ধির লক্ষ্যে চাষি প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত পাট চাষি | ৩ | সংখ্যা | ১৭,১০০ | ১৭,০৬৪ | ২৮,৩৫০ | ২৮,৩৫০ | ৩৩,৭৫০ | ৩৩,৮০০ | ৩৩,৮৫০ |
| ৬. "পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০" বাস্তবায়ন | পরিচালিত মোবাইল কোর্ট | ৫ | সংখ্যা | ১১১০ | ১১১০ | ৮০০ | ৮০০ | ৮৫০ | ৯০০ | ৯৫০ |
| ৭. পাট পণ্যের ব্যবহার বৃদ্ধির নিমিত্ত পাট ও পাট সংশ্লিষ্ট ব্যবসায়ী ও স্টেকহোল্ডারদের - নিয়ে জনসচেতনতামূলক সভা আয়োজন | আয়োজিত জনসচেতনতামূলক সভা | ৩ | সংখ্যা | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫৫ | ৬০ | ৬৫ |
| ৮. পাট ও পাটজাত পণ্যের সম্প্রসারণের লক্ষ্যে কর্মশালা/সেমিনার আয়োজন | আয়োজিত সভাসেমিনার/ | ২ | সংখ্যা | ১০ | ১০ | ১২ | ১২ | ১৪ | ১৫ | ১৬ |
| ৯. National Jute Information System (NJIS) চালুকরণ | পাট ব্যবসায়ীদের পূর্ণাঙ্গ ডাটাবেজ | ৩ | সংখ্যা | - | - | - | - | ১১১১৪ | ১১১০০ | ১০৫০০ |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১৪১০৩০১ - প্রধান কার্যালয়, পাট অধিদপ্তর | ১-৬ | ১১,৯৯,৬৪ | ১৫,৯৪,০০ | ১৫,৮২,৫০ | ১৫,২৪,২৫ | ১৬,০৮,৪৫ | ১৬,৮৪,৪৫ |
| ১৪১০৩০২ - সহকারী পরিচালকের কার্যালয়সমূহ, পাট | ১-৬ | ১,৫৯,৭৩ | ২,৫৫,০০ | ২,৫৫,০০ | ২,২২,১৫ | ২,১০,০০ | ২,১৮,০০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| অধিদপ্তর | | | | | | | |
| ১৪১০৩০৪ - মুখ্য পরিদর্শকের কার্যলয়সমূহ, পাট অধিদপ্তর | ১-৬ | ৪,৬৯,১৫ | ৫,০০,৫০ | ৪,৫২,৮০ | ৩,৪০,৮০ | ৩,৬৭,৮৫ | ৩,৮৫,৬০ |
| ১৪১০৩০৬ - পাটপণ্য পরীক্ষাগারসমূহ, পাট অধিদপ্তর | ১-৬ | ১,৬৮,৮০ | ১,৭৭,০০ | ১,৩১,৭০ | ১,১২,৮০ | ১,১৭,৭০ | ১,২৬,৯৫ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **১৯,৯৭,৩২** | **২৫,২৬,৫০** | **২৪,২২,০০** | **২২,০০,০০** | **২৩,০০,০০** | **২৪,১৫,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **১৯,৯৭,৩২** | **২৫,২৬,৫০** | **২৪,২২,০০** | **২২,০০,০০** | **২৩,০০,০০** | **২৪,১৫,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৪৪০০০ - উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাট বীজ উৎপাদন এবং সম্প্রসারণ (২য় সংশোধিত)(০১/০৭/২০১৮-৩০/০৬/২০২৬) অনুমোদিত | ২,৬ | ৬০,৯৪,৪৯ | ৩০,০০,০০ | ৪৩,৫০,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৬০,৯৪,৪৯** | **৩০,০০,০০** | **৪৩,৫০,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৬০,৯৪,৪৯** | **৩০,০০,০০** | **৪৩,৫০,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **৮০,৯১,৮১** | **৫৫,২৬,৫০** | **৬৭,৭২,০০** | **২২,০০,০০** | **২৩,০০,০০** | **২৪,১৫,০০** |

## ৬.৪ বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি)

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ পাটকল করপোরেশন এর মিলসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় লিজের মাধ্যমে চালু করার লক্ষ্যে সরকারি সিদ্ধান্তে মিলসমূহের উৎপাদন বন্ধ রয়েছে। শ্রমিকদের পাওনা পরিশোধের জন্য সরকারের বরাদ্দের ৩৫২১.৮৮ কোটি (তিন হাজার পাঁচশত একুশ কোটি আটাশি লক্ষ) টাকা হতে পাওনার নগদ অংশ বাবদ ৯৯.৮৪% এবং সঞ্চয়পত্রের অংশ বাবদ ৯৯.৮৪% অর্থ পরিশোধ করা হয়েছে। বিজেএমসি'র নিজস্ব প্রশিক্ষণ ব্যবস্থার মাধ্যমে ১৭০৬ (এক হাজার সাতশত ছয়) জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য প্রযুক্তির উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে- ১) BJMC Asset Management System Software ২) Case Monitoring and Management Software, ৩) Smart Accounts (GL module for H/O) Software ৪) Land Management Software ৫) Digitalization of Monthly accounts Information Software, ৬) E-Leave Management System Software এর মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বেসরকারি বিনিয়োগ ও ব্যবস্থাপনায় সরকারি পাটকল আধুনিকায়নের মাধ্যমে উৎপাদন কার্যক্রম চালু করা | লিজ চুক্তি সম্পাদন করা | ৫ | সংখ্যা | ২ | ৩ | ১ | ১ | ৩ | ১ | ১ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৫৬৪০০ - * যমুনা স্পেশালাইজড জুট টেক্সটাইল মিল (০১/০৭/২০১৮-৩০/০৬/২০২১) অনুমোদিত। | ১ | ০ | ১,০০ | ১,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **০** | **১,০০** | **১,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **০** | **১,০০** | **১,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **০** | **১,০০** | **১,০০** | **০** | **০** | **০** |

## ৬.৫ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

**৬.৫.১ সাম্প্রতিক অর্জন:** রেশম কার্যক্রম একটি কৃষিভিত্তিক শিল্প। গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও মহিলাদের ক্ষমতায়নে এ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড বিগত তিন অর্থবছরে ২১.৩৪ লক্ষ তুঁতচারা উৎপাদন ও বিতরণ করেছে, ৫১৯.০৮ মেঃ টন রেশম গুটি উৎপাদন করেছে, জার্মপ্লাজম ব্যাংকে ৮৪টি তুঁতজাত এবং ১১৪টি রেশম কীটজাত সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে; এছাড়াও ১২.৮২ লক্ষ রোগমুক্ত রেশম ডিম (ডিএফএল) উৎপাদন এবং বোর্ডের আওতায় ৮টি মিনিফিলেচার কেন্দ্রের মাধ্যমে ৩.২৬৭ মেঃ টন রেশম সুতা উৎপাদন সহ ৩১৩০ জন কৃষককে রেশম চাষ বিষয়ক কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. রেশম চাষীদের আদর্শ পলুঘর প্রদান | প্রদান কৃত আদর্শ পলুঘর | ১ | সংখ্যা | ২৭২ | ২৭২ | ২২৬ | ২২৬ | - | - | - |
| | পলুঘর প্রদান কার্যক্রম পরিবীক্ষণকৃত | ১ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | - | - | - |
| ২. রেশমখাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি | ২ | সংখ্যা | ১১৪৫ | ১১৪৫ | ১০২৪ | ১০২৪ | - | - | - |
| ৩. রোগ মুক্ত রেশম ডিম বিতরণ | বিতরণকৃত রোগ মুক্ত রেশম ডিম | ৩ | লক্ষ | ৩.৬০ | ৩.৬৩২৫ | ৩.৮০ | ৩.৮০ | ৪.০০ | ৪.১০ | ৪.২০ |
| ৪. তুঁত চারা বিতরণ | বিতরণকৃত তুঁত চারা | ৩ | লক্ষ | ৬.০০ | ৬.০৭৪ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ |
| ৫. রেশম ডিম ও তুঁত চারা বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ | সরেজমিন পরিবীক্ষণকৃত | ৩ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | ১৪ | ১৬ | ১৬ |
| | অনলাইনে পরিবীক্ষণকৃত | ৩ | সংখ্যা | ১২ | ১২ | ১২ | ১২ | ১৪ | ১৬ | ১৬ |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১৩৯০০ - বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (বিএসডিবি) | ১-৫ | ২৭,৮১,২০ | ২৮,২৬,০০ | ২৮,২৬,০০ | ৪০,৭২,০০ | ৪২,৭২,০০ | ৪৪,৭২,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **২৭,৮১,২০** | **২৮,২৬,০০** | **২৮,২৬,০০** | **৪০,৭২,০০** | **৪২,৭২,০০** | **৪৪,৭২,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২৭,৮১,২০** | **২৮,২৬,০০** | **২৮,২৬,০০** | **৪০,৭২,০০** | **৪২,৭২,০০** | **৪৪,৭২,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪৩৪১৪০০ - বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়) (১ম সংশোধিত) (০১/০৭/২০২১ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ১-৪ | ১১,৩১,০০ | ৯,০০,০০ | ৯,৯৭,০০ | ০ | ০ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **১১,৩১,০০** | **৯,০০,০০** | **৯,৯৭,০০** | **০** | **০** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **১১,৩১,০০** | **৯,০০,০০** | **৯,৯৭,০০** | **০** | **০** | **০** |
| মোট : | | **৩৯,১২,২০** | **৩৭,২৬,০০** | **৩৮,২৩,০০** | **৪০,৭২,০০** | **৪২,৭২,০০** | **৪৪,৭২,০০** |

## ৬.৬ বাংলাদেশ তাঁত বোর্ড

**৬.৬.১ সাম্প্রতিক অর্জন:** তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মুলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের আওতায় বিগত তিন বছরে ৬১২১ জন তাঁতির মাঝে ৭৬০৫.০৬ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৩৮৪০.৩০ লক্ষ টাকা আদায় করা হয়েছে। বিগত তিন বছরে ১৮.০২ কোটি মিটার কাপড়ে ডাইং, প্রিন্টিং, স্টেন্টারিং, ক্যালেন্ডারিংসহ বিভিন্ন বয়নোত্তর সেবা এবং ৯৭৭৭৪ কেজি সুতার বয়নপূর্ব (টুইস্টিং) সেবা প্রদান করা হয়েছে। তাঁতের বিভিন্ন বিষয়ের (বুনন, রংকরণ, ব্লক-বাটিক, টাই-ডাই ইত্যাদি) উপর ১৮২১ জন তাঁতিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী প্রকল্পের আধুনিকায়ন সম্পন্ন হয়েছে। এছাড়া তাঁতিদের দক্ষতা উন্নয়নের নিমিত্ত তাঁত অধ্যুষিত অঞ্চলে ০৫(পাঁচ)টি প্রশিক্ষণ কেন্দ্র, তাঁতের নক্সা উন্নয়নের জন্য ০১ (এক)টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং তাঁতিদের পণ্য বিক্রয়ের সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ০২(দুই)টি মার্কেট প্রমোশন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বয়নোত্তর সেবার মাধ্যমে তাঁত বস্ত্র উৎপাদনে সহায়তা | তাঁত বস্ত্র উৎপাদন বৃদ্ধি (বয়নোত্তর সেবা প্রদান) | ১ | কোটি মিটার | ৫.০০ | ৫.৮৯ | ৪.০০ | ৪.০০ | ৫.০০ | ৫.০০ | ৫.০০ |
| ২. তাঁতে উৎপাদিত পণের বাজার সম্প্রসারণে দেশীয় ও আন্তর্জাতিক বাজারে তাঁত পণ্যের প্রচার ও বাজারজাতকরণে সহায়তা | তাঁত বস্ত্র মেলা আয়োজন | ৩ | সংখ্যা | ৪ | ৫ | ৪ | ৪ | ৪ | ৪ | ৬ |
| ৩. তাঁতিদের মাঝে ঋণ বিতরণ | ঋন প্রাপ্ত সুবিধাভোগী তাঁতি | ১ | সংখ্যা | ১৪৫০ | ১৪৯৮ | ২৫০ | ২৫০ | ৪৫০ | ৫০০ | ৫০০ |
| ৪. তাঁতখাত সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ প্রাপ্ত ব্যাক্তি | ২ | সংখ্যা | ৮০০ | ৮০০ | ১০০০ | ১০০০ | ১২০০ | ১২০০ | ১২০০ |

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সহায়তা কার্যক্রম | | | | | | | |
| ১৩১০১৩৮০০ - বাংলাদেশ তাঁত বোর্ড | ১-৭ | ২৭,৭২,৪০ | ২৯,৬৪,০০ | ২৮,৬৮,৯৫ | ২৯,৮১,০০ | ৩১,৩০,০০ | ৩২,৮০,০০ |
| মোট : সহায়তা কার্যক্রম | | **২৭,৭২,৪০** | **২৯,৬৪,০০** | **২৮,৬৮,৯৫** | **২৯,৮১,০০** | **৩১,৩০,০০** | **৩২,৮০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২৭,৭২,৪০** | **২৯,৬৪,০০** | **২৮,৬৮,৯৫** | **২৯,৮১,০০** | **৩১,৩০,০০** | **৩২,৮০,০০** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৪২৪৯০০০ - * বাংলাদেশ তাঁত বোর্ডের আওতায় ৫টি বেসিক সেন্টারে ৫টি প্রশিক্ষণ কেন্দ্র, ১টি ফ্যাশন ডিজাইন ইনস্টিটিউট এবং ২টি মার্কেট প্রমোশন কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ৩ | ৩১,৮৪,০০ | ২০,৪৯,০০ | ২৯,০০,০০ | ১,০০ | ০ | ০ |
| ২২৪২৮৭২০০ - * নকশিপল্লি, জামালপুর (১ম পর্যায়) (২য় সংশোধিত) (অসমাপ্ত অবস্থায় সমাপ্তির লক্ষ্যে) (০১/০৩/২০১৯ - ৩০/০৬/২০২৫) অনুমোদিত | | ০ | ১,০০ | ১ | ০ | ০ | ০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২২৪২৮৭৩০০ - তাঁতিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে চলতি মূলধন সরবরাহ ও তাঁতের আধুনিকায়ন (২য় সংশোধিত) (০১/০৩/২০১৯ - ৩০/০৬/২০২৬) অনুমোদিত | ২ | ২৯,৫৫,৯৭ | ৩,৩৯,০০ | ৭,২০,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩৮১২০০ - জামদানি ভিলেজ স্থাপন (০১/০৭/২০২৩-৩০/০৬/২০২৭) অনুমোদিত | ১ | ১,৩০,০০ | ৫,০০,০০ | ২,০০,০০ | ৮,০০,০০ | ২০,৬৯,৬৭ | ০ |
| মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | **৬২,৬৯,৯৭** | **২৮,৮৯,০০** | **৩৮,২০,০১** | **৮,০১,০০** | **২০,৬৯,৬৭** | **০** |
| মোট : উন্নয়ন কার্যক্রম | | **৬২,৬৯,৯৭** | **২৮,৮৯,০০** | **৩৮,২০,০১** | **৮,০১,০০** | **২০,৬৯,৬৭** | **০** |
| মোট : | | **৯০,৪২,৩৭** | **৫৮,৫৩,০০** | **৬৬,৮৮,৯৬** | **৩৭,৮২,০০** | **৫১,৯৯,৬৭** | **৩২,৮০,০০** |

## ৬.৭ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) পিএলসি

### ৬.৭.১ সাম্প্রতিক অর্জন:

### ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্যএর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. | | | | | | | | | | |

### ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |